



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-২০২/১৩২৩৪/

তারিখঃ ২৫.০৯.২০১৯খ্রি.

## বিষয়ঃ- লিগ্যাল নোটিশ এর বিষয়ে সমর্থনীয় প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলাধীন খুরুইল আজগরিয়া আলিম মাদ্রাসার প্রতিষ্ঠাতা অধ্যক্ষ মোঃ ছলিম উল্লাহ মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৬০২৭/২০০২ মামলার রায়ে মাদ্রাসাটির অধ্যক্ষ পদ শূণ্য ঘোষনার বাস্তবায়ন এবং অধ্যক্ষ আনিছুর রহমান মোল্লা কর্তৃক দাখিলকৃত অবৈধ মাদ্রাসা পরিচালনা কমিটি বাতিল করণের বিষয়ে বোর্ডে একটি লিগ্যাল নোটিশ প্রেরণ করা হয়েছে। (কপি সংযুক্ত)

বর্ণিত অবস্থায় প্রেরিত লিগ্যাল নোটিশে বর্ণিত অভিযোগের বিষয়ে মাদ্রাসার অধ্যক্ষ জনাব আনিছুর রহমান মোল্লা ও মাদ্রাসার ম্যানেজিং কমিটিকে স্বীয় বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্রসহ পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে বোর্ডে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক

- ১) সভাপতি, খুরুইল আজগরিয়া আলিম মাদ্রাসা, কৃষ্ণপুর, মুরাদনগর, কুমিল্লা
- ২) অধ্যক্ষ, খুরুইল আজগরিয়া আলিম মাদ্রাসা, কৃষ্ণপুর, মুরাদনগর, কুমিল্লা



নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-২০২/ /

তারিখঃ .০৯.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. জেলা প্রশাসক, কুমিল্লা;
২. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা;
৩. উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুরাদনগর, কুমিল্লা;
৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য);
৬. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪